



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র : মাভাবিপ্রবি/রেজি./সংস্থাপন শাখা-১/এ-১২/২০১৮/ ৬২৬৬

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৫
০৪ ডিঃ সম্পঃ ২০১৮

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিম্নলিখিত অফিস/বিভাগে নিম্নলিখিত পদগুলো পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম, অফিস/বিভাগ, সংখ্যা ও বয়স	বেতনশ্রেণি ও গ্রেড (জা. বে. ২০১৫)	নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ফিজিক্যাল ইন্সট্রাক্টর শরীরচর্চা শিক্ষা বিভাগ ০৩টি (পুরুষ-২টি, মহিলা-১টি) সর্বোচ্চ ৩০ বছর	২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীসহ বিপিএড ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। শিক্ষা জীবনে খেলাধুলায় পারদর্শিতার সনদ থাকতে হবে। শরীরচর্চা/এথলেটিক্স/অন্য কোন প্রধান খেলায় দেশী-বিদেশী প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
০২	মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওগ্রাফার) মেডিকেল সেন্টার ০১টি বয়সঃ সর্বোচ্চ ৩০ বছর	১২৫০০-৩০২৩০/- (১১তম গ্রেড)	প্রার্থীকে এইচএসসি (বিজ্ঞান)/সমমান পরীক্ষায় পাশসহ সরকারী প্রতিষ্ঠান হতে কমপক্ষে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-রেডিওগ্রাফি/রেডিওলজি পাশ হতে হবে। সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
০৩	মেডিকেল টেকনোলজিস্ট (প্যাথ) মেডিকেল সেন্টার ০১টি বয়সঃ সর্বোচ্চ ৩০ বছর	১২৫০০-৩০২৩০/- (১১তম গ্রেড)	প্রার্থীকে এইচএসসি (বিজ্ঞান)/সমমান পরীক্ষায় পাশসহ সরকারী প্রতিষ্ঠান হতে কমপক্ষে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-প্যাথলজি পাশ হতে হবে। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
০৪	ল্যাব টেকনিশিয়ান (প্যাথ) মেডিকেল সেন্টার ০১টি বয়সঃ সর্বোচ্চ ৩০ বছর	১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড)	প্রার্থীকে এসএসসি (বিজ্ঞান)/সমমান পরীক্ষায় পাশসহ সরকারী প্রতিষ্ঠান হতে কমপক্ষে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-প্যাথলজি পাশ হতে হবে। প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

- উপরোক্ত পদগুলোর আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/-(দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে ০১/০১/২০১৯ তারিখের মধ্যে সংগ্রহ করা যাবে।
- “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২”-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার ওপর আবেদনপত্রের ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোনো শাখা থেকে ক্রমিক নং ০১ এর পদের জন্য ৮০০/- (আটশত) এবং ক্রমিক ০২ হতে ০৪ নং পদের জন্য ৫০০/(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩(তিন) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/নম্বরপত্র, অভিজ্ঞতার সনদ, চারিত্রিক সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্তপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- উল্লিখিত ০১/০১/২০১৯ তারিখের মধ্যে ০৭(সাত) সেট দরখাস্ত রেজিস্ট্রার বরাবর অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। যে কোনো দরখাস্ত গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সরকারি/আধা-সরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে এবং এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য।
- আবেদন পত্রের সংশ্লিষ্ট কলামে টেলিফোন নম্বর/মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

(ড. মোহাঃ তোহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাভাবিপ্রবি।

০৪/০২/২০১৮